

# VARENDRA UNIVERSITY

## Department of English

Programs: BA (Honors) & MA in English



স্মারক নং: ববি/ইং/প্রো.অ/২০২৫/২৮৪  
ডিসেম্বর ২৮, ২০২৫

অফিস বিজ্ঞপ্তি

DEPARTMENT OF  
ENGLISH  
VARENDRA UNIVERSITY

বরেন্দ্র  
বিশ্ববিদ্যালয়

### স্প্রিং-২০২৬ সেমিস্টারের ক্লাশ

ইংরেজি বিভাগের শিক্ষার্থীদের জানানো যাচ্ছে, স্প্রিং-২০২৬ সেমিস্টারের ক্লাশ আগামী ১২/০১/২০২৬ তারিখ (সোমবার) থেকে শুরু হবে।

### রিটেক ও ইমপ্রুভমেন্ট কোর্সের রেজিস্ট্রেশন

- ইংরেজি বিভাগের শিক্ষার্থীদের জানানো যাচ্ছে, স্প্রিং-২০২৬ সেমিস্টারে অনার্স এবং মাস্টার্স প্রোগ্রামের সকল শিক্ষার্থী আগামী ১২/০১/২০২৬ তারিখ হতে ২৬/০১/২০২৬ তারিখ পর্যন্ত নিজ নিজ Student Panel থেকে রিটেক ও ইমপ্রুভমেন্ট কোর্সের রেজিস্ট্রেশন করতে পারবে। যে সকল শিক্ষার্থীর সেমিস্টার ড্রপ/সেমিস্টার ফি বকেয়া আছে তাদেরকে ২৫/০১/২০২৬ তারিখের মধ্যে প্রোগ্রাম অফিসে যোগাযোগ করার জন্য নির্দেশ দেয়া হলো। ২৬/০১/২০২৬ তারিখের পর আর কোন রেজিস্ট্রেশনের সুযোগ থাকবে না।
- একজন শিক্ষার্থীর শুধুমাত্র কোন থিওরি কোর্সের গ্রেড B- বা তার নিচে থাকলে সে কোর্সটিতে ইমপ্রুভমেন্ট দেয়ার সুযোগ পাবে যা তাকে অবশ্যই পরবর্তী দুই (২) সেমিস্টারের মধ্যে সম্পন্ন করতে হবে।
- Student Panel থেকে রেজিস্ট্রেশন সম্পন্ন করার পরে আর কোনো পরিবর্তন করা যাবে না।
- রেজিস্ট্রেশনকারী শিক্ষার্থীদের নিজ নিজ কোর্সের শিক্ষকদের সাথে ২৬/০১/২০২৬ তারিখের মধ্যে যোগাযোগ করে রেজিস্ট্রেশনকৃত কোর্স সম্পর্কে অবগত করতে হবে এবং তাঁদের নির্দেশনা অনুযায়ী ক্লাস, অ্যাসাইনমেন্ট, ক্লাস টেস্ট, মিডটার্ম, ফাইনাল পরীক্ষা সম্পন্ন করতে হবে।

### Free Studentship এর জন্য আবেদন

Spring-2026 সেমিস্টারে Free Studentship এর জন্য আগ্রহী শিক্ষার্থীরা ১২/০১/২০২৬ তারিখ হতে ১৫/০১/২০২৬ তারিখ পর্যন্ত অনলাইনে Free Studentship এর জন্য আবেদন করতে পারবে। শিক্ষার্থী তাদের Student Panel এ গিয়ে Waiver Application অপশনে ক্লিক করে তাদের আবেদনপত্রটি পূরণ করে Submit করবে। Submit করার পর আর কোনো কিছু সংশোধন বা পুনরায় আবেদন করা যাবে না। সুতরাং, Submit করার আগে তথ্য সঠিকভাবে পূরণ করতে হবে। Summer-2025 সেমিস্টারে Free Studentship সুবিধা প্রাপ্ত শিক্ষার্থীদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। শিক্ষার্থীর সেমিস্টার পরীক্ষার ফলাফল, ক্লাসে উপস্থিতি ও আর্থিক অবস্থা মূল্যায়ন করে এই সুবিধা বজায় থাকবে/থাকবে না। উল্লেখ্য, নতুনভাবে আবেদন করার জন্য এবং Free Studentship প্রাপ্ত শিক্ষার্থীদের সুবিধা পুনর্বিবেচনার জন্য সর্বশেষ সেমিস্টার ফাইনাল পরীক্ষায় ন্যূনতম জিপিএ:

- স্প্রিং-২০২৩ থেকে ভর্তিকৃত শিক্ষার্থীদের ন্যূনতম জিপিএ: ৩.২৫ থাকতে হবে।
- ফল-২০২২ পর্যন্ত ভর্তিকৃত শিক্ষার্থীদের ন্যূনতম জিপিএ: ৩.০০ থাকতে হবে।

Free Studentship কমিটির সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে আগামী ২৭/০১/২০২৬ তারিখ বিকাল ৫ টায় চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা প্রকাশ করা হবে।

### পে-স্লিপ সংগ্রহ ও সেমিস্টার ফি প্রদান

জানুয়ারি ২৮, ২০২৬ তারিখ থেকে স্টুডেন্ট প্যান্ডেলে পে-স্লিপ পাওয়া যাবে এবং ব্যাংক অথবা মোবাইল ব্যাংকিং (রকেট/বিকাশ) এর মাধ্যমে সেমিস্টার ফি প্রদান করা যাবে। রকেটে নিজস্ব একাউন্ট থেকে টিউশন ফি জমা দিলে অতিরিক্ত কোন সার্ভিস চার্জ লাগবে না।

- ১ম কিস্তির টাকা পরিশোধের শেষ সময়: ফেব্রুয়ারি ০৫, ২০২৬।
- ২য় কিস্তির টাকা পরিশোধের শেষ সময়: এপ্রিল ০৫, ২০২৬।
- ৩য় কিস্তির টাকা পরিশোধের শেষ সময়: জুন ০৩, ২০২৬।

### বিলম্ব ফি

ফেব্রুয়ারি ০৫, ২০২৬ তারিখের পরে প্রথম কিস্তির টাকা, এপ্রিল ০৫, ২০২৬ তারিখের পরে দ্বিতীয় কিস্তির টাকা এবং জুন ০৩, ২০২৬ তারিখের পরে তৃতীয় কিস্তির টাকা জমা দিলে বিলম্ব ফি হিসেবে প্রতি কার্মদিবসের জন্য ৫০ টাকা জরিমানা প্রযোজ্য হবে।

বি.দ্র: যেসকল শিক্ষার্থীর সেমিস্টার ড্রপ/সেমিস্টার ফি বকেয়া আছে তাদেরকে ২৫/০১/২০২৬ তারিখের মধ্যে প্রোগ্রাম অফিসে যোগাযোগ করার জন্য নির্দেশ দেয়া হলো। ২৬/০১/২০২৬ তারিখের পর আর কোন রেজিস্ট্রেশনের সুযোগ থাকবে না।